7

তারিখ ... 23-JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

দৈনিক বাংলা

# মেডিক্যাল শিক্ষা কারিকুলাম বদলানো দরকার ঃ স্বাস্থ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সালাউদ্দিন ইউসুফ বলেছেন, এই প্রথমবারের মত সরকার মেডিক্যাল শিক্ষার উন্নয়নে গুরুত্ব আরোপ করেছে। তিনি বলেন, ইতিপূর্বে এ বিষয়ে কখনো এত গুরুত্ব দেয়া হয়নি।

গতকাল সোমবার সকালে স্থানীয় এক হোটেলে মেডিক্যাল কলেজ উন্নয়ন প্রকল্পের উদ্যোগে মেডিক্যাল পরীক্ষা পদ্ধতির উপর জাতীয় কর্মশালার উদ্বোধনী বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন।

মন্ত্রী বলেন, চিকিৎসা ব্যবস্থার উন্নয়নে মূল শক্তি চিকিৎসক। মা ও শিশু স্বাস্থ্য রক্ষা, প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনাকে সফল করার জন্য চিকিৎসকদেরই নেতৃত্ব দিতে হবে। তিনি মেডিক্যাল শিক্ষার বর্তমান কারিকুলাম-কে গতানুগতিক আখ্যায়িত করে বলেন, রোগ প্রতিরোধের উপর বিশেষ গুরুত্ব দিয়ে মেডিক্যাল কারিকুলামের উন্নয়ন করা প্রয়োজন। তিনি বলেন, মেডিক্যাল শিক্ষকতার বিষয়েও পরিবর্তন আনা প্রয়োজন। মেডিক্যাল কলেজে শিক্ষা পদ্ধতির পরিবর্তন প্রয়োজন। মেডিক্যাল শিক্ষাকে আরো বেশী গণমুখী করতে হবে— যা একমাত্র জনগণের প্রয়োজনের সাথে সম্পৃক্ত মেডিক্যাল কারিকুলাম দ্বারা সম্ভব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী বলেন, পার্শ্ববর্তী দেশসমূহে ইতিমধ্যে মেডিক্যাল কারিকুলামকে জনগণের প্রয়োজনের উপর নির্ভর করে নতুনভাবে সাজানো হয়েছে। তিনি বলেন, এ দেশেও মেডি-ক্যাল শিক্ষাকে জনগণের প্রয়োজন মাফিক তৈরী করতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সের পরিচালক প্রফেসর উষা নায়ার, স্বাস্থ্য সচিব মোহাম্মদ আলী, স্বাস্থ্য মহাপরিচালক এ কে শামসুদ্দীন সিদ্দিকী, এ কে এম নূরুল আনোয়ার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশস্থ প্রতিনিধি মিয় থ এবং প্রকল্প পরিচালক প্রফেসর মোহাম্মদ মোজাহেরুল হক।